# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 21-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---

১) লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ের ভোট গ্রহনের জন্য বিজ্ঞপ্তি জারী করার সঙ্গে সঙ্গে মনোনয়নপত্র দাখিলের প্রক্রিয়া আরম্ভ।

২) বরাক উপত্যকার তিন জেলায় নির্বাচন সংক্রান্ত প্রস্তুতি অব্যাহত।

৩) আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে সমগ্র রাজ্যে প্রচারাভিযান ক্রমশ জোরদার।

এবং

৪) আন্তর্জাতিক সন্ত্রাসবাদী সংগঠন আইসিস এর ভারতে থাকা প্রধান হেরিস ফারুকি ও সহযোগী অনুরাগ সিং-কে আসাম পুলিশের বিশেষ টাস্ক ফোর্সের জাতীয় অনুসন্ধান সংস্থাকে হস্তান্তর।

---

লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ের ভোট গ্রহণের জন্য গতকাল বিজ্ঞপ্তি জারি করার সঙ্গে সঙ্গে মনোনয়নপত্র দাখিল প্রক্রিয়া আরম্ভ হয়েছে । এই পর্যায়ে দেশের ১৭টি রাজ্য এবং ৪টি কেন্দ্রীয় শাসিত অঞ্চলের ১০২টি লোকসভা আসনের জন্য ভোট গ্রহণ করা হবে । এই পর্যায়ের জন্য আগামী ১৯ এপ্রিল ভোট গ্রহণ পর্ব অনুষ্ঠিত হবে । প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনে

প্রতিদ্বন্দিতা করতে ইচ্ছুক প্রার্থীরা আগামী ২৭ মার্চ পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করতে পারবেন । ২৮ মার্চ মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে । ৩০ মার্চ মনোনয়নপত্র প্রত্যাহার করার শেষ দিন । তবে বিহারের ক্ষেত্রে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৮ মার্চ বলে ঘোষণা করা হয়েছে । প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের সময় সমান্তরালভাবে সিকিম এবং অরুণাচল প্রদেশ বিধানসভার জন্যও ভোট গ্রহণ করার বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । এই দুটি রাজ্যে আগামী ১৯ এপ্রিল ভোট গ্রহণ করা হবে এবং দুসরা জুন ভোট গণনা করা হবে । আসামে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য গতকাল পর্যন্ত কোন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন নি । উল্লেখ্য যে বিধানসভা এলাকা পুনর নির্ধারণ করার পর আসামে এবার প্রথমবারের মত লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে ।

---

আসন্ন লোকসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে বরাক উপত্যকার তিন জেলা প্রশাসন জোরদার নির্বাচনী প্রস্তুতি অব্যাহত রেখেছে ।

ইতিমধ্যেই কাছড় জেলা প্রশাসন আসন্ন নির্বাচন অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে প্রিসাইডিং অফিসার সহ প্রথম , দ্বিতীয় এবং তৃতীয় পোলিং অফিসারদের প্রথম পর্বের প্রশিক্ষণ পর্ব সম্পন্ন করেছে । কাছাড় জেলায় তিনদিনব্যাপী প্রথম পর্বের প্রশিক্ষণ গত ১৮ মার্চ থেকে শিলচরের নরসিং হায়ার সেকেন্ডারী স্কুল , সরকারী বালক উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং কাছাড় কলেজে প্রতিদিন দুটি পর্যায়ে সমাপ্ত করা হয়েছে । দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ চলতি মাসের শেষ সপ্তাহ থেকে শুরু করা হবে । এছাড়াও , যেসব বিধানসভা আসন ভিত্তিক মাষ্টার ট্রেনারদের অনুপস্থিত ভোটার , বিশেষভাবে সক্ষম এবং ৮৫ বছর উর্দ্ধ প্রবীন নাগরিকদের ভোট পোষ্টাল ব্যালটের মাধ্যমে সংগ্রহ করার কাজে নিযুক্ত করা হয়েছে তাদের আজ শিলচরের কাছাড় কলেজে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে গত ১৮ , ১৯ এবং ২০ মার্চ জেলার সারদা চরণ কলেজে তিনদিনব্যাপী প্রথম পর্যায়ের প্রশিক্ষণ কার্যসূচি শেষ হয়েছে । এতে প্রতিদিন দুটি পর্যায়ে প্রিসাইডিং অফিসার , প্রথম ,

দ্বিতীয় এবং তৃতীয় পোলিং অফিসারদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ প্রদানের তারিখ খুব শীঘ্রই ঘোষণা করা হবে ।

অনুরূপভাবে , করিমগঞ্জ জেলাতেও এই প্রশিক্ষণ কার্যসূচী পর্যায়ক্রমে শুরু করা হয়েছে । ইতিমধ্যেই করিমগঞ্জ বিরজা সুন্দরী গার্লস হাই স্কুলে জোনাল এবং সেক্টর অফিসারদের এবং করিমগঞ্জ জেলা প্রেক্ষাগৃহে এ এল এমটি-দের প্রশিক্ষন প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দল প্রচার অভিযান আরম্ভ করার সংগে সংগে সাংগঠনিক তৎপরতা ও বৃদ্ধি করেছে । আজ গৌহাটী আসনের বিজেপি প্রাথী বিজুলী কলিতা মেধি ও মিত্রজোটের নেতা চন্দ্র মোহন পাটোয়ারীর উপস্থিতিতে গোয়ালপারা জেলার দুধনৈ বিজেপির নির্বাচনী কার্যালয় উদ্বোধন করা হয় । এই কার্যসূচীতে দলের বেশ কিছু সংখ্যক নেতা কর্মী উপস্থিত ছিলেন ।এদিকে ধুবরী আসনে বিভিন্ন রাজনৈতিক দলের নির্বাচনী তৎপরতা বৃদ্ধি পেয়েছে । ২৬ লক্ষ ৪৩ হাজারের ও বেসী ভোটদাতা থাকা আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী জাবেদ ইসলাম অভিযান অব্যাহত রেখেছে ।এদিকে দরং ওদালগুরি লোকসভা আসনে কংগ্রেস দলের প্রার্থী মাধব রাজবংশি আজ খারুপেটিয়ায় একটি দলীয় সভায় অংশ নেন ।যোরহাট জেলার টীয়ক বিধানসভা কেন্দ্রের বিজেপির কার্যকর্তাদের একটি সাংগঠনিক সভা আজ অনুষ্ঠিত হয় ।এই সভায় অজন্তা নেওগ সহ বেশ কিছু সংখ্যক নেতা কর্মীরা উপস্থিত ছিলেন ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায় ও বিভিন্ন রাজনৈতিক দলের নেতা কর্মীরা নির্বাচনী প্রচার চালিয়ে যাচ্ছেন ।

কাছাড় জেলার বিভিন্ন স্থানে ক্ষমতাসীন বিজেপি সহ বিরোধী সব রাজনৈতিক দল নিজ নিজ প্রার্থীর সমর্থনে প্রচার চালিয়ে যাচ্ছেন ।শিলচর আসনের বিজেপি প্রার্থী পরিমল শুক্লবৈদ্য স্থানে স্থানে নির্বাচনী সভায় অংশ গ্রহণ করে প্রচার চালিয়ে যাচ্ছেন । এদিকে নির্বাচনী প্রচার জোরদার করে তোলার জন্য রাজ্যের মন্ত্রীরা বরাক উপত্যকায় এসে দলীয় নেতা কর্মীদের সংগে প্রচার অভিযান অব্যাহত রেখেছেন ।

করিমগঞ্জ জেলার দুল্লভছড়া মন্ডলের দলীয় পদাধিকারী সভায় করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা অংশ গ্রহণ করেন ।তিনি বর্তমান কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের কথা তুলে ধরে পুনরায় বিজেপি দলকে ক্ষমতাসীন করার সুযোগ প্রদানের আহ্বান জানান ।

------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনে প্রবাসী ভারতীয়দের ভোটদান করতে দেশের নির্বাচন কমিশন আহ্বান জানিয়েছে ।কমিশন প্রবাসী ভারতীয়রা কিভাবে ভোটদান করবেন সে বিষয়ে বিস্তারিত প্রকাশ করেছে । যেসকল ভারতীয় নাগরিক কর্মসংস্থান অথবা শিক্ষার জন অন্য কোনো দেশের নাগরিকত্ব গ্রহণ না করে বিদেশে রয়েছেন সেইসকল ভারতীয় নাগরিক লোকসভা নির্বাচনে ভোটদান করতে পারবে ।সে জন্য তারা অনলাইনের মাধ্যমে ভোটারপোর্টেল . ইসিআই . গভ . ইন এ প্রয়োজনীয় নথি ও প্রমাণপত্র সিক্স -এ পপত্র পূরণ করে ভোটদানের জন্য আবেদন করতে পারবেন ।ভোট কেন্দ্র পর্যায়ের আধিকারিক নির্ধারিত ঠিকানায় উপস্থিত হয়ে সেই সকল ভারতীয় নাগরিকের পাসপোর্ট তথা দাখিল করা তথ্য প্রত্যায়িত করবে । এই ক্ষেত্রে সংশোধনের প্রয়োজন হলে ফর্ম -এইটের মাধ্যমে সংশোধন করা যাবে ।প্রবাসী ভারতীয় ভোটকেন্দ্রে তাদের পাসপোর্ট দেখিয়ে ভোটদান করতে পারবে ।

------------------------------------------------------------------------

রিজার্ভ ব্যাংক সব ব্যাংকের সরকারী লেনদেনের সংগে জড়িত শাখাসমূহ ৩১ সে মার্চ অর্থাৎ রবিবার খোলা রাখার পরামর্শ প্রদান করেছে । রিজার্ভ ব্যাংক ৩১ শে মার্চ ব্যাংকিং সেবার বিষয়ে ও প্রচার করতে নির্দেশ দিয়েছে ।

------------------------------------------------------------------------

আসাম পুলিশের বিশেষ কার্যবাহিনী গতকাল ধুবরীর আর্ন্তজাতিক সীমান্ত থেকে গ্রেপ্তার করা সন্ত্রাসবাদী সংগঠন আই সি সের ভারতে থাকা প্রধান হেরিস ফারুকী ও তার সহযোগী আনুরাগ সিংকে জাতীয় অনুসন্ধানকারী সংস্থার কাছে তুলে দিয়েছে । আসাম পুলিশের মুখ্য কার্যালয়ে আজ আয়োজিতেক সাংবাদিক সম্মেলনে বিশেষ টাস্ক ফোর্সের প্রধান পার্থ সারথি মহন্ত হেরিস ফারুকী নাশকতামূলক কাজের সংগে জড়িত বলে প্রকাশ করেন ।এছাড়া আই সিসে

সদস্য নিযুক্তি প্রক্রিয়ায় ও ফারুকী জড়িত বলে পুলিশ জানিয়েছে ।উল্লেখ্য সীমান্ত পার হতে চেষ্টা করা অবস্থায় ধর্মশালা এলাকা থেকে সন্ত্রাসবাদী দুজনকে গ্রেপ্তার করা হয় ।শ্রী মহন্ত বলেন যে এই সন্ত্রাসবাদী দুজন জাতীয় অনুসন্ধানকারী সংস্থা অর্থাৎ এন আই এর বেশ কয়েকটি মামলায় অভিযুক্ত হোয়ার সূত্রে তাদের সন্ধানে সংস্থাটি অভিযান চালাচ্ছিল ।আসামের ঘটনাবলীর বিষয়ে পাওয়া তথ্যসমূহের ভিত্তিতে আসাম পুলিশ তদন্ত করবে বলে তিনি জানান ।দেশের অন্য প্রান্তের বিষয়গুলি জাতীয় অনুসন্ধানকারী সংস্থাটি তদন্ত করবে বলে শ্রী মহন্ত উল্লেখ করেন । তিনি বলেন যে আসাম পুলিশ ধৃত ঐ দুই ব্যাক্তিকে প্রাথমিক পর্যায়ে কিছু সময়ের জন্য জেরা করেছিল যদি ও তদন্তের স্বার্থে তা প্রকাশ করা হয়নি ।শ্রী মহন্ত বলেন যে ১৫ দিন আগে কেন্দ্রীয় তদন্তকারী একটি সংস্থার কাছ থেকে আই সিসের দুজন শীর্ষ নেতার গতিবিধি সম্পর্কে আসাম পুলিশ খবর পেয়েছিল ।সেই অনুযায়ী বিশেষ টাস্ক ফোর্সের চালানো অনুসন্ধানে ১৯ মার্চ সন্ত্রাসবাদী দুজন ধুবরীর ধরমশালায় উপস্থিত হোয়ার তথ্য লাভ করা যায় ।সেই অনুযায়ী গতকাল ধরমশালায় সীমান্ত অতিক্রম করার সময় দুজনকে গ্রেপ্তার করা হয় । অবশ্য ঐ দুজনের কাছ থেকে এখন পর্যন্ত মোবাইল ফোন ছাড়া ও অন্য কোনো সামগ্রী জব্দ করা হয়নি ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তিতে আসন্ন লোকসভা নির্বাচনে প্রচার পত্র , পোষ্টার মূদ্রনের ক্ষেত্রে প্রিন্টার ও প্রকাশকের নাম থাকার পাশাপাশি মূদ্রণ কপি জেলা ম্যাজিষ্ট্রেটকে জমা দিতে নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তিতে হাইলাকান্দি জেলার সব প্রিন্টিং প্রেস মালিকদের জানানো হয়েছে যে প্রতিটি নির্বাচনী প্রচার পত্র বা পোষ্টারে প্রিন্টার ও প্রকাশকের নাম,ঠিকানা উল্লেখ করতে হবে । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আসন্ন লোকসভা নির্বাচন সুষ্টভাবে পরিচালনার জন্য তিন জন আধিকারীক নিয়ে জেলা অভিযোগ কমিটি গঠন করা হয়েছে । কমিটির সদস্যরা হচ্ছেন কাছাড় জেলা পরিষদের ভারপ্রাপ্ত মূখ্য কার্য্যবাহী আধিকারীক

প্রনব কুমার বরা , সহকারী আয়ুক্ত শাহমীম আখতার এবং কোষাগার আধিকারীক নেহাত হাওলাই । এই কমিটি পুলিশ বা স্ট্যাটিক সার্ভিল্যান্স টিম বা ফ্লায়িং স্কোয়াড দ্বারা বাজেয়াপ্ত প্রতিটি ক্ষেত্রে সয়ো-মোটো পরীক্ষা করবে ।

---------------------------------------------------------------------------